

সংবাদ বিজ্ঞপ্তি

মহান বিজয় দিবসে জাতীয় স্মৃতিসৌধে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের পুষ্পস্তবক অর্পণ



মহান বিজয় দিবস উপলক্ষ্যে আজ সকালে সভার জাতীয় স্মৃতিসৌধে স্বাধীনতার জন্য আত্মোৎসর্গকারী শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে পুষ্পস্তবক অর্পণ করেছেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ। এসময় আরো উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ, ট্রেজারার জনাব এস. এম. এহসান কবীর, রেজিস্ট্রার ড. মোহাম্মদ কামরুল ইসলাম সহ বিশ্ববিদ্যালয়ের সকল স্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। পরে শহিদদের স্বরণে কিছু সময় নীরবতা পালন মাননীয় ভাইস চ্যান্সেলর। এর আগে মহান বিজয় দিবস উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করা হয়।

মহান বিজয় দিবস উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ বলেন, স্বাধীনতা মানে যার যার মতো চলা নয় বরং স্বাধীনতা মানে সকলের সম্মিলিত প্রচেষ্টায় একটি শৃঙ্খলা, নৈতিক মূল্যবোধ, সম্প্রীতি, দেশপ্রেম এবং দেশের উন্নয়নের জন্য নিজ নিজ দায়িত্ব সুন্দরভাবে পালন করা। তিনি আরও বলেন, জাতির পিতা বঙ্গবন্ধুর নেতৃত্বে সমগ্র বাঙালি জাতি জাতীয়তাবাদে উদ্ধুদ্ধকরণ ও শহিদদের রক্তের বিনিময়ে যেমন আমরা কথা বলার মাতৃভাষা অর্জন করেছি তেমনি তার দূরদর্শী চিন্তা, সাহসিকতায় অর্জিত হয়েছে আজকের এই স্বাধীনতা। আর এ স্বাধীনতার মাধ্যমেই বিশ্বের বুকে আমরা নিজেদের একটি স্বতন্ত্র বাঙালি জাতি হিসেবে আজ আত্মপ্রকাশ করতে পারি। এছাড়া দেশের স্বাধীনতার সার্বভৌমত্ব অক্ষুণ্ণ রেখে সকলকে নৈতিক মূল্যবোধে উজ্জীবিত হয়ে স্ব-স্ব দায়িত্ব সুন্দরভাবে পালন করার মাধ্যমে দেশ গঠনে ভূমিকা রাখার আহ্বান জানান মাননীয় ভাইস চ্যান্সেলর।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ ও ট্রেজারার জনাব এস.এম. এহসান কবীর। আলোচনা সভার সভাপতিত্ব করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মোহাম্মদ কামরুল ইসলাম। সভায় বিশ্ববিদ্যালয়ের সকল স্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে মহান মুক্তিযুদ্ধে শহিদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া ও মোনাজাত করা হয়।

(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)
রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।